

সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২৪৫৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১১০২]

১৪। সিয়াম (রোযা) (کتاب الصیام)

পরিচ্ছেদঃ ১১. সওমে বিসাল বা বিরতিহীনভাবে সওম পালন করা নিষিদ্ধ

باب النَّهْي عَنِ الْوِصَالِ، فِي الصَّوْمِ

আরবী

وَحَدَّثَنَاهُ أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ نُمَيْرٍ، ح وَحَدَّثَنَا ابْنُ نُمَيْرٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، _ رضى الله عنهما _ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَاصلَ فِي رَمَضَانَ فَوَاصلَ النَّاسُ فَنَهَاهُمْ. قِيلَ لَهُ أَنْتَ تُوَاصِلُ قَالَ " إِنِي لَسْتُ مِثْلَكُمْ إِنِي أُطْعَمُ وَأُسْقَى ".

বাংলা

২৪৫৪-(৫৬/...) আবৃ বকর ইবনু আবৃ শায়বাহ ও ইবনু নুমায়র (রহঃ) ইবনু উমর (রাযিঃ) থেকে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমযান সাসে সওমে বিসাল আরম্ভ করলেন। তা দেখে সাহাবীগণও সওমে বিসাল আরম্ভ করলেন। এরপর তিনি তাদেরকে সওমে বিসাল করতে নিষেধ করলেন। এতে তাকে প্রশ্ন করা হল, আপনি তো সওমে বিসাল করছেন। উত্তরে তিনি বললেন, আমি তোমাদের মতো নই। আমাকে তো খাওয়ানো হয় এবং পান করানো হয়। (ইসলামিক ফাউন্ডেশন ২৪৩১, ইসলামীক সেন্টার ২৪৩০)

English

Ibn 'Umar reported that the Messenger of Allah () observed fasts uninterruptedly in Ramadan and the people (in his wake) did this. But he forbade them to do so. It was said to him (to the Holy Prophet): You yourself observe the fasts uninterruptedly (but you forbid us to do so) Upon this he said: I am not like you; I am fed and supplied drink (by Allah).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন উমর (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন